টোকিও, ৩০ ডিসেম্বর ২০২৩

**জাপানে জাতীয় অভিবাসী দিবস ২০২৩ উদযাপন**

টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস যথাযথ গুরুত্ব ও তাৎপর্যের সাথে উদযাপন করেছে জাতীয় অভিবাসী দিবস ২০২৩। দিবসটি উদযাপনের অংশ হিসেবে কর্মী প্রেরণকারী সংস্থা সমূহের প্রতিনিধি, রেমিট্যান্স হাউজের মালিক ও প্রতিনিধি, স্টুডেন্ট ভিসায় জাপানে কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি, জাপানে কর্মরত টেকনিক্যাল ইন্টার্ন, স্পেসিফাইড স্কিল্ড ওয়ার্কার ও স্টুডেন্ট ভিসায় আগত খন্ডকালীন কাজে নিয়োজিত কর্মীদের অংশগ্রহণে আজ (৩০ ডিসেম্বর ২০২৩) দূতাবাসে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা অনুষ্ঠানের শুরুতে দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক মন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়।

জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ স্বাগত বক্তব্যে বলেন, সরকারের সঠিক পদক্ষেপ ও ব্যবস্থাপনায় দেশের জনসংখ্যা আজ জনসম্পদে পরিণত হয়েছে এবং বিশ্বের ১৭০ টির অধিক দেশে বিপুল সংখ্যাক বাংলাদেশি সুনামের সাথে কাজ করছে। রাষ্ট্রদূত বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য রেমিট্যান্স যোদ্ধাদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং জাপান প্রবাসী বাংলাদেশিসহ সকল অভিবাসীকে দেশের উন্নয়ন ও সুনাম বৃদ্ধিতে আরো বেশি দেশপ্রেম , নিষ্ঠা ও সততার সাথে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবসকে সামনে রেখে এ বছর সিআইপি (অনাবাসী বাংলাদেশি) হিসেবে যাদেরকে সম্মাননা প্রদান করা হয়েছে তাদের মধ্যে বেশ কয়েকজন জাপান প্রবাসী রয়েছেন। আমরা আশা করি ভবিষ্যতে এ ক্ষেত্রে জাপান প্রবাসীদের সংখ্যা আরো বৃদ্ধি পাবে। অতঃপর, তিনি বলেন করোনা মহামারী এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বাংলাদেশসহ পৃথিবীর সকল দেশের অর্থনীতির উপর বিরূপ প্রভাব ফেলেছে । তিনি জাপানের ক্রমবর্ধমান বিদেশী শ্রমিকের চাহিদাকে কাজে লাগিয়ে বাংলাদেশ থেকে বেশি বেশি কর্মী এনে এবং বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ ও সার্বজনীন পেনশন ব্যবস্থায় যুক্ত হয়ে নিজেদের পরিবারের অর্থনৈতিক স্বচ্ছলতা নিশ্চিতকরণসহ প্রিয় মাতৃভূমি বাংলাদেশের অর্থনৈতিক দৃঢ়তা সুনিশ্চিত করার জন্য সভায় অংশগ্রহণকারীসহ জাপান প্রবাসী বাংলাদেশিদের নিকট উদাত্ত আহ্বান জানান।

অভিবাসী দিবস এবং বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ ও ও সর্বজনীন পেনশন ব্যবস্থায় যুক্ত হওয়ার গুরুত্ব ও তাৎপর্য, অভিবাসীদের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন সুযোগ-সুবিধা এবং জাপানে বাংলাদেশের জনশক্তি নিয়োগের বিশেষ সম্ভাবনার কথা তুলে ধরে আগত অতিথিদের উদ্দেশ্যে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন দূতাবাসের প্রথম সচিব (শ্রম) মোঃ জয়নাল আবেদিন। পরবর্তীতে, আগত অতিথিবৃন্দ উন্মুক্ত আলোচলায় অংশগ্রহণ করে বর্তমান পরিস্থিতিতে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ এবং জাপানে অধিক সংখ্যক বাংলাদেশি জনশক্তি নিয়োগের বিভিন্ন দিক তুলে ধরেন এবং একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। বাংলাদেশ দূতাবাসের পক্ষ থেকে এ কাজে তাদেরকে সকল প্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস দেয়া হয়।

পরে দুইজন বিশিষ্ট প্রবাসি (সিআইপি) বাংলাদেশিকে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানের শেষে ১০ জন প্রবাসি বাংলাদেশি দূতাবাসের ওয়ান স্টপ ডেস্কের মাধ্যমে সর্বজনীন পেনশন ব্যবস্থায় ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে যুক্ত হন।

অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Tokyo, 30 December 2023

# National Immigrants Day 2023 celebrated in Japan

National Migrants Day 2023 was celebrated with due importance and significance at Bangladesh Embassy in Tokyo. As part of the celebration of the day, a discussion meeting was organized today (30 December 2023) at the embassy with the participation of representatives of staff-sending organizations, owners and representatives of remittance houses, technical interns working in Japan, specified skilled workers and part-time workers on student visas.

At the beginning of the discussion program, the messages given by the President, Prime Minister, Home Minister, Foreign Minister and Minister of Expatriate Welfare and Foreign Employment Affairs on the occasion were read out.

Ambassador of Bangladesh to Japan, Shahabuddin Ahmad, in his welcome speech, said that the population of the country has become a public resource today due to the proper actions and management of the government and a large number of Bangladeshis are working with reputation in more than 170 countries of the world. The ambassador thanked the remittance fighters for their important contribution to the economy of Bangladesh and urged all the Bangladeshis living in Japan to work with more patriotism, devotion and honesty for the development and reputation of the country.

He said, in view of International Migrants Day and National Expatriates Day, there are several Bangladeshi expatriates in Japan have been honored as CIP (Non-Resident Bangladeshis) this year. We hope that the number will increase in this field in the future. He said the corona epidemic and the Russia-Ukraine war have adversely affected the economy of all the countries of the world including Bangladesh. He appealed to the participants of the meeting including the Bangladeshi expatriates in Japan to ensure the economic stability of their beloved motherland Bangladesh by bringing more workers from Bangladesh and by sending remittances through legal channels and ensuring the financial stability of their families by joining the universal pension system.

First Secretary (Labor) Md. Joynal Abedin gave a power point presentation highlighting the importance and significance of sending remittances through legal channels and joining the universal pension system, the various facilities provided by the government for migrants and the special potential of employing Bangladeshi manpower in Japan.

Later, the visiting guests participated in an open discussion and expressed their commitment to work together on various aspects of sending remittances through legal channels and employing more Bangladeshi manpower in Japan in the current situation. On behalf of Bangladesh Embassy, they are assured to provide all kinds of cooperation in this work.

Two Distinguished Expatriate (CIP) Bangladeshis were honored at the program. At the end of the program, ten expatriates joined the Universal Pension System and Wage Earners Welfare Board through the One Stop Desk of the Bangladesh Embassy.

Embassy officials were present on the occasion.